কুমিল্লা সিটি কর্পোরেশন
নগর ভবন, কুমিল্লা
(cocc.portal.gov.bd)

# কুমিল্লা সিটি কর্পোরেশনের ৮৯তম সভার কার্যবিবরণী।

সভাপতি : আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
তারিখ : ১২/০৯/২০২৩খ্রি.
সময় : সকাল ১১.০০ঘটিকা
স্থান : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ

উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সাধারণ আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। কুমিল্লা সিটি কর্পোরেশনে নবযোগদানকৃত সচিব বেগম আশরাফুন নাহার তাঁর পরিচয় প্রদান করেন এবং দায়িত্বপালনে সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম পরিচালনা করেন।

০২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | পুর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: প্রধান নির্বাহী কর্মকর্তা গত ২৫/০৭/২০২৩খ্রি. সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান এবং কারো কোন আপত্তি/সংশোধনী আছে কিনা জানতে চান। সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়।<br>সংশোধনী:<br>২৫/০৭/২০২৩খ্রি. তারিখের সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ৮ এর বিবিধ(ঙ)। সিটি কর্পোরেশনের আইন উপদেষ্টাগণের মাসিক সম্মানি/ভাতা আগস্ট ২০২৩ মাস এর স্থলে আইন উপদেষ্টাগণের নিয়োগ আদেশ জারীর তারিখ থেকে কার্যকর হবে। | ২৫/০৭/২০২৩খ্রি. সভার কার্যবিবরণীর ওপর বর্ণিত সংশোধনী ব্যতিত অপরাপর বিষয়াদি নিয়ে কারো কোন আপত্তি না থাকায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| | (ii) মাসিক সভার নোটিশ ও কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত: মাসিক সভার নোটিশ ও কার্যবিবরণীর হার্ডকপি কাউন্সিলরগণের নিকট প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ প্রসংগে প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, ৩৬টি কাউন্সিলর কার্যালয়ে তাৎক্ষণিক হার্ডকপি প্রেরণে সময়ক্ষেপন ও বিড়ম্বনা তৈরী হয়। তাছাড়া স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের ওপর সরকার গুরুত্বারোপ করছে। এ প্রেক্ষিতে ১৯ সেপ্টেম্বর ২০২২ তারিখের মাসিক সভার সিদ্ধান্তের আলোকে সিটি কর্পোরেশনের মাসিক সভার নোটিশ, কার্যবিবরণী ও অন্যান্য দাপ্তরিক চিঠি-পত্রাদি সকল কাউন্সিলর/ওয়ার্ড সচিবের ইমেইলে প্রেরণ করা হয়। এর ফলশ্রুতিতে সময় ও ব্যয় সাশ্রয়সহ দাপ্তরিক কাজ গতিশীল ও বেগবান হচ্ছে। তদুপরি কাউন্সিলরগণের অভিপ্রায় হলে মাসিক সভার নোটিশ ও কার্যবিবরণী ইমেইলের পাশাপাশি হার্ডকপি প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | (ii) মাসিক সভার নোটিশ ও কার্যবিবরণী ইমেইলের পাশাপাশি হার্ডকপি সকল কাউন্সিলর কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। সিটি কর্পোরেশনের সচিব এ বিষয়টি নিশ্চিত করবেন। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতে ইমেইল, কুসিক ফেসবুক পেইজ, হোয়াটস অ্যাপ গ্রুপ নিয়মিত চেক করার জন্য সম্মানিত সকল কাউন্সিলর ও ওয়ার্ড সচিবকে অনুরোধ করা হলো। | কাউন্সিলর ও ওয়ার্ড সচিব (সকল) প্রশাসনিক কর্মকর্তা |
| ০২. | বিগত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা: প্রধান নির্বাহী কর্মকর্তা ২৫/০৭/২০২৩খ্রি. সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। | সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কার্যক্রমের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়নাধীন ও প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |

চলমান পাতা-০২-

<table>
<tr>
<td>০৩.</td>
<td><u>মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন</u>: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখার রাজস্ব আদায় বিবরণী সম্মানিত সদস্যদের অবহিতির জন্য উপস্থাপন করেন। সভায় রাজস্ব আদায়ের তুলনামূলক তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়।<br>(ii) আগস্ট ২০২৩ মাসের সিটি কর্পোরেশনের রাজস্ব আয় ও ব্যয়ের সারসংক্ষেপ নিম্নরুপ-
<table>
<tr><th>আয়</th><th>ব্যয়</th></tr>
<tr><td>৪,৮৩,৯৮,১৮১/- টাকা</td><td>৪,০৮,১২,৮১৬/- টাকা</td></tr>
</table>
</td>
<td>রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ে চলমান রাজস্ব আদায় টিমের কার্যক্রম আরও জোরদার করতে হবে।</td>
<td>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>প্রধান রাজস্ব কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td><u>উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত</u>: সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী জনাব মো: মাঈন উদ্দিন চিশতী চলমান ও সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের(ডিপিপি, এডিপি, এলজিসিআরআরপি, ইউডিসিজিপি)অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর চলমান ও সমাপ্তকৃত প্রকল্পের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।<br>(ii) নির্বাহী প্রকৌশলী কর্তৃক নিম্নলিখিত প্রাক্কলন/সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্প/কাজের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>১.</td><td>ঈদগাহ মোড় হতে সিটি পার্ক হয়ে আওয়ার লেডি অফ ফাতিমা গার্লস হাই স্কুল পর্যন্ত ইউনি পেভার বক্স দিয়ে হেরিং বোন বন্ড রাস্তা নির্মাণ কাজ।</td><td>৪০,৭৭,৩৯৫.০০</td></tr>
<tr><td>২.</td><td>ঠাকুরপাড়া বাগানবাড়ী বৌদ্ধমন্দির রোডস্থ কানু দত্ত বাড়ীর রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন।</td><td>২৩,৮১,০১১.০০</td></tr>
<tr><td>৩.</td><td>চকবাজার শরীফ পাম্প হতে মদিনা বাস স্টেশন পর্যন্ত ড্রেইন নির্মাণ করণ কাজ।</td><td>২,৪৯,৩৯০.০০</td></tr>
<tr><td>৪.</td><td>কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় ১১নং ওয়ার্ডে মনোহরপুর সোনালী ব্যাংক এর গলির রোডের বিটুমিনাস কার্পেটিং রাস্তা নির্মাণ কাজ।</td><td>২,০৪,৯০১.০০</td></tr>
<tr><td>৫.</td><td>কুমিল্লা সিটি কর্পোরেশন ২১নং ওয়ার্ডের জাঙ্গালিয়া ও শাকতলা এলাকায় ড্রেনের লিপ্টিং স্ল্যাব এবং শাকতলা মর্ডাণ হাসপাতাল রোড নেয়ামত সাহেরবের বাড়ীর সামনে জাঙ্গালিয়া এতিমখানার উত্তর পার্শ্বে ব্রিক্স ড্রেন নির্মাণ কাজ।</td><td>৪,৬৮,৫০৯.০০</td></tr>
<tr><td>৬.</td><td>কুমিল্লা সিটি কর্পোরেশনের ঝাঁকুনিপাড়া ময়লার ভাগাড়ে বৃষ্টির পানি নিষ্কাশনে ব্যবহারের জন্য নতুন ৩টি মাড পাম্প ও আনুষাঙ্গিক মালামাল ক্রয় এবং স্থাপন কাজ।</td><td>৯৭,৭৫০.০০</td></tr>
<tr><td>৭.</td><td>কুমিল্লা সিটি কর্পোরেশনের ঝাঁকুনিপাড়া ময়লার ভাগাড়ে অগ্নি নির্বাপনে ব্যবহারের জন্য নতুন ১ টি অগভীর (৪") নলকূপ ও সাবমারসিবল পাম্প স্থাপন অন্যান্য মালামাল সরবরাহ কাজ।</td><td>১,৪৮,২৫৪.০০</td></tr>
<tr><td>৮.</td><td>কুমিল্লা সিটি কর্পোরেশনের ১-২৭নং ওয়ার্ডের জন্য ৫০টি স্প্রে মেশিন সরবরাহ করণ।</td><td>১,১৭,০০০.০০</td></tr>
<tr><td>৯.</td><td>ঢাকা মেট্রো-ঠ-১৩-৪০৩৩ ডাবল কেবিন পিকআপ মেরামত কাজ।</td><td>৩,৩২,০০৬.০০</td></tr>
<tr><td>১০.</td><td>ঢাকা মেট্রো-ঠ-১১-৭০৩০ ডাবল কেবিন পিকআপ মেরামত কাজ।</td><td>১,৫৯,২০০.০০</td></tr>
<tr><td>১১.</td><td>ঠাকুরপাড়া বাগানবাড়ীর মসজিদ থেকে অপু মিয়ার বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেইন নির্মাণ কাজ।</td><td>৪,৮৩,০৪১.০০</td></tr>
<tr><td>১২.</td><td>ক) বারপাড়া ঈদগাহের সীমানা প্রাচীর নির্মাণ, খ) গুধিরপুকুর পাড় পাম্প হাউজ এর সীমানা প্রাচীর নির্মাণ কাজ।</td><td>৪,৪৭,১১৬.০০</td></tr>
</table>
</td>
<td>০১। প্রস্তাবিত ২৬টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br><br>০২। ডিপিপি প্যাকেজ নং CuCC/CIDP/2022-2023(PW-24) এর Lot no: R-117, R-119 & D-115 এর আরসিসি রাস্তা ও ড্রেনের আংশিক অংশ জায়গার মালিকানা বিরোধ জটিলতার কারণে উল্লিখিত ০৬টি পরিবর্তিত সাইটসমূহে উন্নয়ন কাজ বাস্তবায়নে সভায় অনুমোদন প্রদান করা হয়।<br><br>০৩। ডিপিপিসহ সকল উন্নয়ন কাজের গুণগত মান ও টেকশই নিশ্চিতকরণে প্রকল্পের ড্রইং, ডিজাইন অনুযায়ী যথাযথভাবে কাজ বাস্তবায়নে আরও দায়িত্বশীল হওয়ার জন্য প্রকৌশল বিভাগের সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হলো।</td>
<td>কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>নির্বাহী প্রকৌশলী (সকল)<br>সহকারী প্রকৌশলী (সকল)<br>উপসহকারী প্রকৌশলী (সকল)<br>কঞ্জারভেন্সি কর্মকর্তা</td>
</tr>
</table>

CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ১৩. | ক) ধর্মপুর চৌমুহনী হইতে অশোকতলা নজরুল এভিনিউ রোড কান্দিরপাড় ঝাউতলা হয়ে পুলিশ লাইন মোড় পর্যন্ত, ওয়ার্ড নং ৭,৮,৯,১০, খ) রেইসকোর্স ফ্লাইওভার হইতে BWDB মোগলটুলি, রাজগঞ্জ, ফয়সাল হসপিটাল হয়ে চকবাজার পর্যন্ত WBM দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৬১,৩৭৯.০০ | | |
| | ১৪. | কুমিল্লা সিটি কর্পোরেশনের (৩০২) নং কক্ষে কম্পিউটার টেবিল, চেয়ার, সোফাসেট এবং এসি সরবরাহ করণ কাজ। | ২,২৯,২৮৮.০০ | | |
| | ১৫. | র‍্যাব ক্যাম্প কুমিল্লাতে স্থাপিত মেহমানখান/অভিযোগকারীদের বসার ঘরটি সংস্কার উন্নয়ন কাজ। | ৩,৫৪,০০৫.০০ | | |
| | ১৬. | কুমিল্লা রামঘাটস্থ সার্বজনীন শ্রী শ্রী দূর্গা মন্দির পুন: নির্মাণ কাজ। | ৪১,১৪,০৩৩.০০ | | |
| | ১৭. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় মশক নিধন কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে ০২(দুই) টি ফগার মেশিন সরবরাহ করণ কাজ। (পার্ট-১) | ৩,৭৭,০০০.০০ | | |
| | ১৮. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় মশক নিধন কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে ০২(দুই) টি ফগার মেশিন সরবরাহ করণ কাজ। (পার্ট-২) | ৩,৭৭,০০০.০০ | | |
| | ১৯. | কুমিল্লা সিটি কর্পোরেশনের জন্য B4(ডাবল এ) কাগজ ক্রয় | ৪,৯৬,৬২৫.০০ | | |
| | ২০. | কুমিল্লা সিটি কর্পোরেশনের জন্য A4 সাইজ কাগজ ক্রয় | ৪,৯৫,০০০.০০ | | |
| | ২১. | ব্লিচিং পাউডার ক্রয় | ৩,৩৪,৬২০.০০ | | |
| | ২২. | ইমারত নির্মাণের নক্সার বই ছাপা কাজ। | ৪,৯৭,০০০.০০ | | |
| | ২৩. | (ক) কালিয়াজুরী মেইনরোড হতে এডভোকেট মোয়াজ্জেম হোসেনের বাড়ি পর্যন্ত রাস্তা (খ) কালিয়াজুরী হাফেজবাড়ি রোড কাশেম মিয়া বাড়ি হতে সবুজ মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা পাকা করণ। | ৪,৯৭,৩৩৭.০০ | | |
| | ২৪. | (ক) উনাইসার থেকে কচুয়া চৌমুহনী পর্যন্ত (ওয়ার্ড নং ২০) (খ) সুজানগর চৌমুহনী থেকে জগন্নাথ মন্দির(রথ রোড) ওয়ার্ড নং(১৭) খোয়া বালি দ্বারা রাস্তা মেরামত। | ৪,৯৪,১৭৬.০০ | | |
| | ২৫. | (ক) ভাটপাড়া-বিষ্ণুপুর রোড(ওয়ার্ড নং ০১) (খ) জজকোর্ট মোড় হতে কালিয়াজুরী রোড (ওয়ার্ড নং ০৩,০৪) খোয়া বালি দ্বারা রাস্তা মেরামত। | ৪,৮৯,৩৫৮.০০ | | |
| | ২৬. | সিটি কর্পোরেশনের সভাকক্ষে ০৬টি এসি এবং প্রধান নির্বাহী কর্মকর্তার কক্ষে ০১টি এসি মোট ০৭টি এসি ক্রয় বাবদ। | ১৩,৬১,৫০৩.০০ | | |

**(iii)** <u>সাইট পরিবর্তন</u>: নির্বাহ প্রকৌশলী জানান, ডিপিপি প্যাকেজ নং CuCC/CIDP/2022-2023(PW-24) এর Lot no: R-117, R-119 & D-115 এর আরসিসি রাস্তা ও ড্রেনের আংশিক অংশ জায়গার মালিকানা বিরোধ জটিলতার কারণে সাইট পরিবর্তনক্রমে নিম্নবর্ণিত উন্নয়ন প্রকল্পগুলো বাস্তবায়ন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

০১. কোটবাড়ি দক্ষিণ বাগমারা ভুইয়া বাড়ি রোড থেকে হাজী আবদুল বারেক এর বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা।
০২. দক্ষিণ বাগমারা রোড হতে মান্নান মিয়ার বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা।
০৩. দক্ষিণ বাগমারা ভুইয়া বাড়ি রোড সেলিম মিয়ার বাড়ি থেকে নাজমুল মিয়ার বাড়ি পর্যন্ত আরসিসি রোড।
০৪. দক্ষিণ বাগমারা রোড হতে সাইফুল সাহেবের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা।
০৫. দক্ষিণ বাগমারা ভুইয়া বাড়ি রোড আবুল মিয়ার বাড়ি থেকে সেলিমের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা।
০৬. দক্ষিণ বাগমারা সাইফুল হাউস থেকে কবরস্থান সংলগ্ন জাইকা কালভার্ট পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ।

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **(iv) উন্নয়ন কাজের মানোন্নয়নে প্রকৌশল বিভাগের কর্মচারীদের প্রশিক্ষণ:** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি জানান, মাঠে কাজ তদারকিতে দক্ষ জনবলের অভাব ও ঠিকাদারের স্বেচ্ছাচারী মনোভাবের কারণে উন্নয়ন কাজের মান প্রশ্নবিদ্ধ। উন্নয়ন কাজে স্থানীয় কাউন্সিলরের দায়বদ্ধতা আছে, কিন্তু কার্যত: তাঁদেরকে উপেক্ষা করা হয়। ঠিকাদারের বিল পরিশোধ, বাড়ি-ঘরের নকশা অনুমোদন ইত্যাদি কাজে নিকট অতীতে স্থানীয় কাউন্সিলরের মতামত বা সুপারিশ গ্রহণের রেওয়াজ প্রচলন ছিল, যা এখন নেই। ফলে জনগণের সাথে কাউন্সিলরের সম্পৃক্ততা দিন দিন সীমিত হয়ে যাচেছ- যা কাম্য নয়। তাই সিটি কর্পোরেশনের সকল সেবা ও উন্নয়ন কাজে স্থানীয় কাউন্সিলরের প্রায়োগিক ও কার্যকর সম্পৃক্ততা নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতির মনোযোগ আকর্ষণ করেন।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ উন্নয়ন কাজ তদারকির দৈন্যতা তুলে ধরেন। মাঠে প্রকৌশল বিভাগের কর্মী থাকে না। এমনকি রাতের আধারে অগোচরে সড়কে ঢালাই চলে। অপরিকল্পিতভাবে ড্রেন নির্মাণ ও স্লাব স্থাপন করা হচ্ছে। ফলে স্বভাবত:ই কাজের মান নিয়ন্ত্রণ হচ্ছে না। তাই উন্নয়ন কাজের গুণগত মান ও টেকশই নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান। | ০৪। উন্নয়ন কাজ তদারকিতে মাঠে নিয়োজিত সকল জনবলের কারিগরি দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | |
| ০৫. | **শাখাভিত্তিক আলোচনা:**<br>(ক) **হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স:** হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স আদায় অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। বকেয়া কর আদায় সন্তোষজনক নয়। এ ক্ষেত্রে কার্যকর ও উদ্ভাবনী কোনো পদক্ষেপ লক্ষ্য করা যাচেছ না। শহরের সকল ব্যবসা প্রতিষ্ঠান অনলাইন ট্রেড লাইসেন্স আওতাভুক্ত হয় নি। ফলে ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন ও বাজেট বাস্তবায়ন ব্যাহত হবে। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি কর্পোরেশনের আর্থিক সক্ষমতার ওপর প্রতিষ্ঠানের ভাবমূর্তি নির্ভর করে। প্রতিষ্ঠানের সক্ষমতা বাড়লে দাতা সংস্থার আগ্রহ বাড়ে। অর্থাৎ সিটি কর্পোরেশনের সামগ্রিক উন্নয়নে স্থানীয় রাজস্ব আয় বাড়ানোর বিকল্প নেই। সভাপতি মহোদয় হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স খাতে রাজস্ব আদায় বাড়ানোর লক্ষ্যে মাঠে নিয়মিত কার্যক্রম আরও জোরদার করার জন্য রাজস্ব বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীকে নির্দেশনা প্রদান করেন। এ কাজে সার্বিক সহযোগিতা প্রদানে জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ জানান।<br>(খ) **বর্জ্য ব্যবস্থাপনা:** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৬) ও বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভাপতি জনাব মো: আব্দুস সত্তার জানান, সম্প্রতি একটি নতুন এসকেভেটর সরবরাহ পাওয়ায় বর্জ্য ব্যবস্থাপনায় সহায়তা হচ্ছে। আরও একটি এক্সকেভেটর ও একটি চেইন ডোজার প্রয়োজন। কয়েকটি জনবহুল ওয়ার্ডে সার্বক্ষণিক ০১টি ময়লা গাড়ি বরাদ্দ করায় বর্জ্য অপসারণে সুফল পাওয়া যাচ্ছে। এছাড়া অন্যান্য ওয়ার্ডেও রোস্টারভিত্তিতে ময়লা গাড়ি বরাদ্দ আছে। স্ব স্ব ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এবং ওয়ার্ড সচিব/ওয়ার্ড জমাদার একটু দেখভাল করলে বর্জ্য অপসারণ সাবলিল হবে। এছাড়া নিবিড়ভাবে বর্জ্য অপসারণে আরও ০৫জন ড্রাইভার ও ২০জন শ্রমিক (নগর সেবক) নিয়োগ করা প্রয়োজন। তিনি আরও বলেন, সিটি কর্পোরেশনের সদর দক্ষিণ অংশে ০৯টি ওয়ার্ডে জাইকা সহায়তাপুষ্ট প্রকল্পের আওতায় পরিচালিত সিডিসি সদস্যদের সমন্বয়ে গঠিত সমিতিতে প্রায় ০১কোটি টাকার সঞ্চয় আছে। সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নে এ অর্থের মাধ্যমে একটি চেইন ডোজার ক্রয়ের প্রস্তাব করেন।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৬) জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল জানান, লোকবলের অভাবে ড্রেইন পরিষ্কার করা যাচ্ছে না। ১৬নং ওয়ার্ডে ড্রেইন পরিষ্কারে শ্রমিক সংখ্যা বৃদ্ধি করার প্রস্তাব করেন।<br>**(ii) ডেঙ্গু প্রাদুর্ভাব ও মশক নিধন কার্যক্রম:** ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় পরিচ্ছন্নতা ও মশার ওষুধ প্রয়োগের কার্যকারিতা বিষয়ে সভাপতি সম্মানিত সদস্যদের অভিজ্ঞতা ও মতামত জানতে চান। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ ওষুধের মাত্রা ও প্রয়োগ পদ্ধতি নিয়ে সংশয় প্রকাশ করেন। এ ওষুধ মশা বা মশার লার্ভা কোন্ ক্ষেত্রে কার্যকর তা জানতে চান। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলা তথা এডিস মশা নিয়ন্ত্রণে মশার প্রজনন স্থল যেমন বাড়ির আশপাশ, ঝোপঝাড়, মজা-পরিত্যক্ত পুকুরের কচুরিপানা/জঞ্জাল ইত্যাদি পরিষ্কারের ওপর গুরুত্বারোপ করেন। এ লক্ষ্যে প্রচার-প্রচারণার | ০১। সিটি কর্পোরেশনের রাজস্ব আয় (হোল্ডিং কর, ট্রেড লাইসেন্স, দোকান ভাড়া, পানির বিল ইত্যাদি) বাড়ানোর জন্য রাজস্ব বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীকে নির্দেশনা প্রদান করা হলো। গতানুগতিক নয়, রাজস্ব আদায়ে একটি উদ্ভাবনী ও কার্যকর কর্মপরিকল্পনা তৈরীপূর্বক অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০২। বর্জ্য অপসারণে সকল ওয়ার্ডে ময়লার গাড়ি রোস্টারভিত্তিক/আলাদাভাবে বরাদ্দ প্রদান করায় মেয়র মহোদয়কে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। বর্জ্য অপসারণ কাজ তদারকিসহ এ কাজে নিয়োজিত সকল কর্মীকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ করা হলো।<br>(ii)ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় নিজ নিজ বাড়ির আঙ্গিনা ও আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পাড়া-মহল্লায় সভা, প্রচার-প্রচারণা করার জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে | কাউন্সিলর (সকল)<br>প্রধান নির্বাহী কর্মকর্তা<br>সচিব<br>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>করআদায় কর্মকর্তা<br>লাইসেন্স কর্মকর্তা<br>কঞ্জারভেন্সি কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | মাধ্যমে নিজ নিজ আঙ্গিনা ও আশপাশ পরিচ্ছন্ন রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা জরুরি। পাশাপাশি সিটি কর্পোরেশন সক্ষমতার মধ্যে পরিকল্পিত উপায়ে ওয়ার্ডভিত্তিক জনবল/পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করতে পারে। তবেই মশা নিয়ন্ত্রণে প্রকৃতঅর্থে সুফল পাওয়া যাবে। তাছাড়া ডেঙ্গু রোগে আক্রান্ত ও মৃত রোগীর তথ্য সংরক্ষণ, মনিটরিং করার জন্য নগর ভবনে একটি কন্ট্রোল রুম স্থাপনের প্রস্তাব করেন।<br>প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, জেলা স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী বর্তমানে এ শহরে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব বা উদ্বেগজনক পরিস্থিতি নেই। তবে সিটি কর্পোরেশন করণীয় ক্ষেত্রে সাবক্ষণিক সচেতন রয়েছে। ইতোমধ্যে নগর ভবনে একটি Dengue Control Room স্থাপন করা হয়েছে। **কন্ট্রোল রুম নম্বর: ০১৭১০ ৬৪৩৯৪৭।** ওয়ার্ড পর্যায়ে ও কঞ্জারভেন্সি বিভাগ কর্তৃক নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম ও ওষুধ ছিটানো হচ্ছে এবং তা অব্যাহত থাকবে। মশা নিয়ন্ত্রণে সরকারি প্রতিষ্ঠান পদ্মা ওয়েল কোম্পানি হতে ওষুধ ক্রয় করা হয় এবং এটি বর্তমানে প্রয়োগ করা হচ্ছে। অন্য কোনে কোম্পানি বা ব্যান্ডের নির্ভরযোগ্য তথ্য থাকলে তা জানাতে সম্মানিত সদস্যদের অনুরোধ জানান।<br>(গ) <u>বিদ্যুৎ শাখা</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৮) জনাব মোহাম্মদ শওকত আকবর জানান, সড়কে বৈদ্যুতিক লাইট লাগানো দু'দিনের মধ্যেই নষ্ট হয়ে যায়। লাইট সেড না থাকা এর অন্যতম কারণ। এতো বলার পরেও বিষয়টি সুরাহা না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, সিটি কর্পোরেশনের বৈদ্যুতিক লাইনগুলো অনেক পুরনো। তাছাড়া এ সময়ে বৃষ্টির কারণে লাইন হঠাৎ নষ্ট হয়ে একসাথে শতশত বাল্ব বিকল হয়ে পড়ে। প্রতিটি পোস্টে সেড লাগিয়ে কিছুটা হলেও এটি প্রতিকার করা সম্ভব হবে। সহকারী প্রকৌশলী জনাব মো: খাইরুল বাসার জানান, সহসাই বৈদ্যুতিক উপকরণসমূহ ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবেন<br>(ঘ) <u>প্রশাসনিক বিভাগ</u>:<br><u>প্রশিক্ষণ কর্মপরিকল্পনা</u>: প্রধান নির্বাহী কর্মকর্তা কর্মকর্তা জানান, বাৎসরিক প্রশিক্ষণ কর্মপরিকল্পনার আওতায় অভ্যন্তরিন প্রশিক্ষণ (In house Training) কার্যক্রম চলমান রয়েছে। গত ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ নগর ভবনে সিটি কর্পোরেশনের বুনিয়াদি বিষয়াদির ওপর সকল ওয়ার্ড সচিবকে দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকৌশল বিভাগসহ অন্যান্য বিভাগ-শাখার সকল কর্মকর্তা-কর্মচারীকে অতি সহসাই পর্যায়ক্রমে শুদ্ধাচার, নৈতিকতা ও দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে। | অনুরোধ করা হলো। এছাড়া অধিকতর কার্যকর ওষুধের জন্য ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করার জন্য প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>(iii) ডেঙ্গু পরিস্থিতির (আক্রান্ত ও মৃত্যু) মাসিক রিপোর্ট সিভিল সার্জন কার্যালয় থেকে সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।<br>০৩। সকল বৈদ্যুতিক উপকরণ (লাইন, সেড ইত্যাদি) ত্বরিত ক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশল(বিদ্যুৎ)-কে অনুরোধ করা হলো।<br>০৪। সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নে অভ্যন্তরিন প্রশিক্ষণ (In house Training) কার্যক্রম পরিচালনা করায় প্রধান নির্বাহী কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | এমটি (ইপিআই) |
| ০৬. | <u>কুমিল্লা সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং ০৩ এবং ওয়ার্ড নং ০৭ বিভক্তিকরণ সংক্রান্ত</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, সিটি কর্পোরেশনের ০৩নং ওয়ার্ড রেইসকোর্স, কালিয়াজুরী এবং শাসনগাছা মহল্লা নিয়ে গঠিত। প্রায় ৩৫হাজার জনসংখ্যা অধ্যুষিত এ ওয়ার্ডে নিরবচ্ছিন্ন নাগরিক সেবা প্রদান দুরূহ হয়ে পড়েছে। ভৌগরিক অবস্থান ও যোগাযোগ ক্ষেত্রে গ্রাম বা মহল্লাগুলো ভিন্ন ও দূরবর্তী। সরকারের নানাবিধ বরাদ্দ ওয়ার্ড ভিত্তিক বিভাজন হয়। এ ওয়ার্ডে জনসংখ্যা বেশি হলেও বরাদ্দ সমহারে হয়। ফলে জনসংখ্যার একটি অংশ সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও সরকারের অন্যান্য বরাদ্দের সুবিধাবঞ্চিত থেকে যায়। নিরবচ্ছিন্ন নাগরিক সেবা ও ন্যায্যতার ভিত্তিতে নানাবিধ বরাদ্দ সুষম বণ্টন নিশ্চিতে ০৩নং ওয়ার্ডকে অত্র এলাকার গণমানুষের মতামতের ভিত্তিতে গ্রাম বা মহল্লাভিত্তিক বিভক্ত করা প্রয়োজন। এছাড়া অনুরূপ কারণ ও যৌক্তিকতা তুলে ধরে সিটি কর্পোরেশনের ০৭নং ওয়ার্ডকে ০২টি ওয়ার্ডে বিভক্ত করার জন্য সম্মানিত কাউন্সিলর (সংরক্ষিত আসন ০৭, ০৮, ০৯) বেগম উম্মে কুলসুম প্রস্তাব করেন। এ ওয়ার্ডের জনসংখ্যা প্রায় ৪০হাজার।<br>প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, কোনো ওয়ার্ড বিভক্তিকরণ বা ওয়ার্ডের সীমানা নির্ধারণে করণীয় বিষয়াবলীর ওপর স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এ (তৃতীয় অধ্যায়: ধারা ২৭-৩০) সুনির্দিষ্ট নির্দেশনা রয়েছে। তাই এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। | (০১) নাগরিক সেবা নিরবচ্ছিন্ন, সহজীকরণ ও সরকারি বরাদ্দ সুষম বণ্টন নিশ্চিতকরণে কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৩নং ওয়ার্ড বিভক্ত করে ২টি ওয়ার্ড (রেইসকোর্স ১টি ও কালিয়াজুরী ১টি) এবং ০৭নং ওয়ার্ড বিভক্ত করে ২টি ওয়ার্ড (গোবিন্দপুর ১টি ও অশোকতলা ১টি) করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সভাপতিকে অনুরোধ করা হলো। | প্রধান নির্বাহী কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২১) জনাব কাজী মাহবুবুর রহমান জানান, সিটি কর্পোরেশনের এলাকা সম্প্রসারণ সংক্রান্ত রীট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা রয়েছে। তাই বিছিন্নভাবে ওয়ার্ড বিভক্তিকরণ বা ওয়ার্ডের সীমানা পুন:নির্ধারণ না করে এলাকার সম্প্রসারণের প্রস্তাব পর্যালোচনাপূর্বক সামগ্রিকভাবে সিদ্ধান্ত গ্রহণ সমীচীন হবে।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি জানান, বিলুপ্ত কুমিল্লা পৌরসভার ০৬টি ওয়ার্ডকে ১৮টি ওয়ার্ডে বিভক্তকরণে তৎকালীন বেশ কিছু অসামঞ্জস্য ঘটেছে। জনসংখ্যা, ভোটার, মহল্লা, সমাজব্যবস্থা ও সামাজিক মেলবন্ধন সঠিকভাবে বিবেচনা করা হয় নি। তাই ওয়ার্ড বিভক্তিকরণ বা ওয়ার্ডের সীমানা পুন:নির্ধারণে এ সকল বিষয়াদি সমন্বয় বা পুন:বিবেচনা করার প্রস্তাব করেন। | (ii) সিটি কর্পোরেশন এলাকা সম্প্রসারণ সংক্রান্ত রীট পিটিশন, মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা ও এতদসংক্রান্ত পূর্বাপর কাগজাদি প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তরে প্রেরণের জন্য সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২১) জনাব কাজী মাহবুবুর রহমানকে অনুরোধ করা হলো। | কাউন্সিলর (ওয়ার্ড নং ২১)<br>সচিব |
| ০৭. | বিবিধ: (ক) <u>জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপন</u>: প্রধান নির্বাহী কর্মকর্তা ১৪ সেপ্টেম্বর ২০২৩ জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপনের কর্মসূচি তুলে ধরেন। এ দিন কেন্দ্রীয় ভাবে গণভবন থেকে মাননীয় প্রধানমন্ত্রী দিবসটি উদ্বোধন করবেন। দিবসটির প্রতিপাদ্য **'সেবা ও উন্নতির দক্ষ রূপকার, উন্নয়নে-উদ্ভাবনে স্থানীয় সরকার'**। নির্দেশনা অনুযায়ী স্থানীয় পর্যায়ে অর্থাৎ সিটি কর্পোরেশন ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ দিবসটি উদযাপন করবে। এ উপলক্ষে কুমিল্লা সিটি কর্পোরেশন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচি নিম্নরূপ-<br>• সকাল ৯.০০টায় নগর ভবন থেকে ব্যানার, পোস্টারসহ বর্ণাঢ্য র‍্যালি। সম্মানিত সকল কাউন্সিলর ও কর্মকর্তাকে র‍্যালিতে অংশগ্রহণের অনুরোধ করা হলো।<br>• স্থানীয় টাউন মাঠে দিনব্যাপী অনুষ্ঠানমালায় স্টল স্থাপন। এতে বিগত ১৫বছরের উন্নয়ন কর্মকান্ড, সেবা কার্য ও রাজস্ব আহরণের প্রচার-প্রচারণা ও লিফলেট বিতরণ।<br>• বিকাল ৫.০০টায় আলোচনা সভায় সকল কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণ। স্থান: কুমিল্লা টাউন হল<br>(খ) <u>কুমিল্লা শহরে পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) গঠন</u>: প্রধান নির্বাহী কর্মকর্তা স্থানীয় সরকার বিভাগের ২৭ আগস্ট ২০২৩ তারিখের ৪৯৮ ও ৪৯৯ সংখ্যক স্মারকের বরাতে জানান যে, পরিবেশ বান্ধব, টেকসই ও গণমুখী সুপেয় পানি সরবরাহ এবং স্বাস্থ্য সম্মত পয়:নিষ্কাশন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে সরকার কুমিল্লা শহরে পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) গঠনের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। ওয়াসা গঠনকল্পে প্রস্তাবিত এলাকাসমূহের(মৌজা/ওয়ার্ড/ইউনিয়ন) নাম, জনসংখ্যা, আয়তন এবং পানি সরবরাহ শাখা আয়-ব্যয় ও কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের তথ্য প্রেরণের অনুরোধ করা হয়। মেয়র মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বিষয়টি নিয়ে স্থানীয় কুমিল্লা-০৬ আসনের মাননীয় সংসদ সদস্যের সাথে আলোচনা হয়েছে। কুমিল্লা সিটি কর্পোরেশনের বিদ্যমান এলাকার পাশাপাশি মাস্টারপ্লানে প্রস্তাবিত সম্প্রসারিত এলাকাসহ ওয়াসা গঠনের প্রস্তাব প্রেরণের জন্য তিনি পরামর্শ প্রদান করেছেন। 'ছক' অনুযায়ী যাচিত তথ্যাদির খসড়া প্রস্তুত করা হয়েছে। অত:পর এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং প্রস্তুতকৃত তথ্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) <u>ইমারত/ভবনের নকশা অনুমোদন সংক্রান্ত</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি জানান, শহরে অবৈধ স্থাপনা নির্মাণ অবাধে চলছে। বিশেষকরে মামলাজনিত কারণে প্রায় ০৫বছর নকশা অনুমোদন প্রক্রিয়া বন্ধ থাকায় এ শহরে সিটি কর্পোরেশনের অনুমোদনবিহীন শতশত ভবন নির্মিত হয়েছে। বাস্তবতা হলো মানুষ তার অন্যতম মৌল চাহিদা আবাসন ব্যবস্থার প্রয়োজনে অনন্যোপায় হয়ে ইমারত নির্মাণে প্রচলিত আইন ও বিধি-বিধানের ব্যত্যয় করে এ সকল বাড়ি-ঘর নির্মাণ করেছে। সিটি কর্পোরেশনও রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। তাই সিটি কর্পোরেশনের রাজস্ব বাড়ানোর জন্য অননুমোদিতভাবে নির্মিত এ সকল বাড়ি-ঘর বৈধতা প্রদানের যে কোনো উপায় বের করার পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০২) জনাব গাজী গোলাম সারওয়ার এ বক্তব্যের সাথে একমত পোষণ করেন। | ০১। জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত সকল কর্মসূচিতে স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হলো।<br><br>০২। কুমিল্লা শহরে পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) গঠনকল্পে কুমিল্লা সিটি কর্পোরেশনের বিদ্যমান এলাকা এবং মাস্টারপ্লানে প্রস্তাবিত সম্প্রসারিত এলাকাসহ যাচিত তথ্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>০৩। ইমারত/ভবনের নকশা অনুমোদনে নিয়মিত কমিটির সভা আহ্বানপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | কাউন্সিলর (সকল)<br>সচিব<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>নির্বাহী প্রকৌশলী (সকল)<br>প্রশাসনিক কর্মকর্তা<br>ওয়ার্ড সচিব (সকল)<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>ভান্ডার কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৮) জনাব মোহাম্মদ শওকত আকবর জানান, কুমিল্লা হাউজিং এস্টেট সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়েছে। এখানে ইমারত নির্মাণে সিটি কর্পোরেশন থেকে নকশা অনুমোদন করতে হয়। কিন্তু হাউজিং এস্টেটের ৪নং সেকশনের কিছু অংশ বারপাড়া মৌজাভুক্ত হওয়ায় নকশা অনুমোদন দেওয়া হচ্ছে না। ফলে জনগণ ভোগান্তি পোহাচ্ছে। এটি নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতির মনোযোগ আকর্ষণ করেন। বিষয়টি গুরুত্ব অনুধাবনপূর্বক পূর্বাপর কাগজাদি পর্যালোচনান্তে এ বিষয়ে প্রতিবেদন প্রদানের জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। এ প্রেক্ষিতে নিম্নরূপ কমিটি গঠন করা হলো।<br>০১. জনাব জমীর উদ্দিন খান জম্পি, কাউন্সিলর, ওয়ার্ড নং ০৯ — আহ্বায়ক<br>০২. জনাব সরকার মাহমুদ জাবেদ , কাউন্সিলর, ওয়ার্ড নং ০৩ — সদস্য<br>০৩.জনাব মোহাম্মদ শওকত আকবর,কাউন্সিলর, ওয়ার্ড নং ১৮ — সদস্য<br>০৪. জনাব মো: মাঈন উদ্দিন চিশতী, নির্বাহী প্রকৌশলী — সদস্য সচিব<br>প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে ইমারত/ভবনের নকশা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত সুনির্দিষ্ট কমিটি রয়েছে। অতিসম্প্রতি সিটি কর্পোরেশনে যোগদান করার পর কমিটির সভাপতি হিসেবে নকশা অনুমোদন সংক্রান্ত প্রচলিত আইন ও বিধি-বিধানগুলো পর্যালোচনা করা হচ্ছে। সহসাই সভা ডেকে দাখিলীয় আবেদনগুলো যাচাই-বাছাই করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | (ii) কুমিল্লা হাউজিং এস্টেট ৪নং সেকশনের বারপাড়া মৌজাভুক্ত ভূমিতে সিটি কর্পোরেশন কর্তৃক নকশা অনুমোদন বিষয়ে উদ্ভূত জটিলতা নিরসনে পরবর্তী সভায় প্রতিবেদন দাখিলের জন্য কমিটিকে অনুরোধ করা হলো। | |
| | (ঘ) <u>টিসিবি কার্ড সংক্রান্ত</u>: প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, টিসিবি কার্ড হালনাগাদ করার জন্য উপকারভোগীদের তথ্য প্রেরণে সময়সীমা অতিক্রান্ত হয়েছে। কিন্তু কয়েকটি ওয়ার্ডের(০৩, ১১, ১৬, ১৭) তথ্য না পাওয়ায় প্রেরণ করা সম্ভব হয় নি। ফলে এ সকল ওয়ার্ডে টিসিবি পণ্য সরবরাহ ব্যাহত হওয়ার আশংকা রয়েছে। তাই অতি জরুরি ভিত্তিতে 'ছক' মোতাবেক তথ্য প্রদানের অনুরোধ জানান। | ০৫। টিসিবি পণ্যের জন্য যে সকল ওয়ার্ডের উপকারভোগীর তথ্য প্রদান করা হয় নি, অদ্য ১২ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে 'ছক' পূরণপূর্বক প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | কাউন্সিলর<br>ওয়ার্ড সচিব<br>(সংশ্লিষ্ট)<br>প্রশাসনিক কর্মকর্তা |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০২৩৩৪৪০৬০৯৯
ইমেইল: coccbd@gmail.com

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.১২৮.২০২২.২৪৬৬(১০০)

তারিখ: ১২/০৯/২০২৩খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)
০২। জনাব/বেগম ..........................................................................কাউন্সিলর...........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৪। বিভাগ প্রধান (সকল)............................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৫। আইটি কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা(সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। শাখা প্রধান (সকল)..............................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭। পিএটু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৮। রেকর্ড কিপার, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)
০৯। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

১২.০৯.২০২৩

মো: ছামছুল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০২৩৩৪৪৩৭১০০
মোবাইল: ০১৭১২ ৭৮৯৭১০
samsul22bcs@gmail.com

CamScanner

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | বেগম কাউছারা বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০৩ |
| ২. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর |
| ৩. | বেগম উম্মে কুলসুম | ,, |
| ৪. | বেগম রুমা আক্তার | ,, |
| ৫. | বেগম নুর জাহান আলম(পুতুল) | ,, |
| ৬. | বেগম নেহার বেগম | ,, |
| ৭. | বেগম তাহমিনা আক্তার | ,, |
| ৮. | বেগম ফারহানা পারভীন | ,, |
| ৯. | বেগম শাহীন আক্তার | ,, |
| ১০. | জনাব কাজী গোলাম কিবরিয়া | সাধারণ আসনের কাউন্সিলর |
| ১১. | জনাব গাজী গোলাম ছারোয়ার | ,, |
| ১২. | জনাব সরকার মাহমুদ জাবেদ | ,, |
| ১৩. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | ,, |
| ১৪. | সৈয়দ রায়হান আহমেদ | ,, |
| ১৫. | জনাব মো: আমিনুল ইকরাম | ,, |
| ১৬. | জনাব আব্দুর রহমান | ,, |
| ১৭. | জনাব জমীর উদ্দিন খান জম্পি | ,, |
| ১৮. | জনাব মো: মনজুর কাদের(মনি) | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০২ |
| ১৯. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০১ |
| ২০. | জনাব মো: রাজিউর রহমান | ,, |
| ২১. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | ,, |
| ২২. | জনাব হানিফ মাহমুদ | ,, |
| ২৩. | জনাব মোহাম্মদ শওকত আকবর | ,, |
| ২৪. | জনাব মো: রেজাউল করিম | ,, |
| ২৫. | জনাব মো: আনোয়ার হোসেন | ,, |
| ২৬. | জনাব কাজী মাহবুবুর রহমান | ,, |
| ২৭. | জনাব মো: আজাদ হোসেন | ,, |
| ২৮. | জনাব মো: আনিসুজ্জামান | ,, |
| ২৯. | জনাব মো: মহিবুর রহমান | ,, |
| ৩০. | জনাব মো: এমদাদুউল্লাহ | ,, |
| ৩১. | জনাব মো: আব্দুস সত্তার | ,, |
| ৩২. | জনাব মো: আবুল হাসান | ,, |

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মো: ছামছুল আলম | প্রধান নির্বাহী কর্মকর্তা |
| ২. | বেগম আশরাফুন নাহার | সচিব |
| ৩. | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৪. | জনাব মো: মাসুদুর রহমান | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৫. | জনাব মো: মাঈন উদ্দিন চিশতী | নির্বাহী প্রকৌশলী |

(সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাদের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে)

